

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩১৩৮

২৭/ আদব

পরিচ্ছেদঃ পান-পাত্রের বিবরণ

## আরবী

وَعَن أَنَسٍ قَالَ: حَضَرَتِ الصَّلاَةُ فَقَامَ مَن كَانَ قَريبَ الدَّارِ إِلَى أَهْلِهِ وبَقِيَ قَوْمٌ فَأْتِي رَسُوْلُ اللهِ عَيْلِي بِمَخْضَبٍ مِنْ حِجَارَةٍ فَصَغُرَ المَخْضَبُ أَنْ يَبْسُطَ فِيهِ كَفَّهُ فَتَوَضَّا الْقَوْمُ كُلُّهُمْ قَالُوا: كَمْ كُنْتُمْ ؟ قَالَ: ثَمَانِينَ وَزِيَادَةً متفق عَلَيْهِ هذه رواية البخاري وفي رواية لَهُ ولمسلم: أَنَّ النَّبِيَ عَيَلِي كَا بِإِنَاءٍ مِنْ مَاءٍ فَأْتِيَ بِقَدَحٍ رَحْرَاحٍ فِيهِ شَيْءٌ مِنْ مَاءٍ فَوَضَعَ أصابِعَهُ فِيهِ قَالَ أنسٌ: فَجَعلْتُ أَنْظُرُ إِلَى الماءِ يَنْبُعُ مِنْ بَيْن أصابِعِهِ فَحَزَرْتُ مَنْ تَوضَا مَا بَيْنَ السَّبْعِينَ إِلَى الثَّمَانِينَ

## বাংলা

সোনা-রূপা ছাড়া সমস্ত পবিত্র পানপাত্রে পান করা জায়েয। আর বিনা পাত্রে ও হাত না লাগিয়ে সরাসরি নদী ইত্যাদির পানিতে মুখ লাগিয়ে পান করা বৈধ এবং পানাহার, ওযূ তথা সমস্ত কাজে সোনা-রূপার পাত্র ব্যবহার হারাম।

(৩১৩৮) আনাস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, 'একবার নামাযের সময় উপস্থিত হলে যাঁদের বাড়ি কাছে ছিল, তাঁরা (ওয়ু করার জন্য) বাড়ি গেলেন। আর কিছু লোক থেকে গেলেন (তাঁদের কোন ওয়ুর ব্যবস্থা ছিল না)। সুতরাং আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে একটি পাথরের পাত্রে পানি আনা হল। পাত্রটি এত ছোট ছিল যে, তার মধ্যে তাঁর মুঠি খোলাও মুশকিল ছিল। তা থেকেই সমস্ত লোকে ওয়ু করলেন।' (আনাসকে উপস্থিত) লোকেরা জিজ্ঞাসা করল, 'আপনারা কতজন ছিলেন?' তিনি বললেন, 'আশিজনেরও বেশি।' (বুখারী ১৯৫, এটি বুখারীর বর্ণনা)

বুখারীর অন্য এক বর্ণনায় এবং মুসলিমের বর্ণনায় আছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি পানির পাত্র চাইলেন। সুতরাং তাঁর জন্য প্রশস্ত একটি অগভীর (চিত্রে) পেয়ালা আনা হল, যাতে সামান্য পানি ছিল। তারপর তিনি স্বীয় আঙ্গুলগুলি ঐ পানিতে রাখলেন। আনাস (রাঃ) বললেন, 'আমি তাঁর আঙ্গুলসমুহের ফাঁক দিয়ে পানির ঝর্ণাধারা প্রবাহিত হতে দেখছিলাম। অনুমান ক'রে দেখলাম, ওয়ুকারীদের সংখ্যা প্রায় সত্তর থেকে



আশিজনের মাঝামাঝি ছিল।' (বুখারী ২০০, মুসলিম ৬০৮০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন